

# যুব ইন্স্বেহার (দ্য ইয়ুথ ম্যানিফেস্টো)

## আমাদের দেহ, আমাদের জীবন, আমাদের অধিকার

যুবা হিসাবে আমরা চাইছি এমন এক বিশ্ব যেখানে আমরা একটি আনন্দময়, অন্তর্ভুক্তিমূলক এবং সুস্থ জীবন কাটাবার অধিকারী হতে পারবো, যেখানে কোনো প্রকার বৈষম্য ও হিংসা থাকবে না; যেখানে আমাদের অধিকার, আমাদের পছন্দ এবং আমাদের দেহকে সম্মান জানানো হবে এবং যেখানে আমরা আমাদের সম্প্রদায়ক পরিবর্তিত করতে এবং দীর্ঘকালীন পরিবর্তন ঘটানোর জন্য আমাদের ক্ষমতার সম্পূর্ণ বাস্তবায়ন করতে পারবো।

1998 সালে, IPPF তার যুব ইন্স্বেহার প্রকাশ করেছিল। একুশ বছর পর, IPPF এর ছয়টি অঞ্চল থেকে একদল যুবা নেতা একসাথে ইন্স্বেহারটি পুনরর্চনা করেছিল, যেখানে এটি নিশ্চিত করা হয়েছিল যে, সেটি আজকের দিনের যুবাদের চাহিদা ও প্রয়োজনীয়তা প্রতিফলিত করবে। এই ইন্স্বেহার লেখা হয়েছে, বিভিন্ন পটভূমিকা থেকে আসা বিশ্বব্যাপী 16,000-এর বেশি যুবক - যুবতীর সহযোগীতায়, যারা একটি অব্যাহত অনলাইন পরামর্শদান প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছিলেন।

# পরিসেবাগুলি

আমরা দাবী করছি উচ্চ-মানের সার্বিক যৌন ও প্রজননগত স্বাস্থ্য পরিচর্যা, যা সহজলভ্য, সামর্থের মধ্যে এবং যেটি আমাদের প্রয়োজনের জন্য উপযুক্ত।

এটি আমাদের মৌলিক অধিকার যে, স্বাস্থ্য পরিসেবা প্রদানকারীরা আমাদের গোপনীয়তাকে সম্মান জানাবেন, এবং এই পরিসেবা একটি নিরাপদ, ব্যক্তিগত ও গোপনীয় ভাবে লাভ করতে আমাদের সাহায্য করবেন

আমরা অনাবশ্যিক কোনো মতামত বা বৈষম্য সহ্য করব না এবং দাবী করছি যে, আমাদের বয়স, লিঙ্গ, যৌন পছন্দ, বিশ্বাস, জাতিসত্তা, সক্ষমতা বা অক্ষমতা এবং আমাদের বিবাহের অবস্থা নির্বিশেষে স্বাস্থ্য পরিসেবা প্রদানকারীরা আমাদের প্রতি যেন সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন করেন।

আমরা স্থায়ী অথবা সঙ্কটাবস্থা, যে অবস্থাতেই থাকি না কেন এবং আমাদের নথিভুক্ততা যাই হোক না কেন আমাদের এই অধিকারগুলি আমাদের প্রাপ্য।

আমাদের অধিকার আছে আমাদের যৌন এবং প্রজননগত স্বাস্থ্য এবং অধিকার সম্পর্কে সাম্প্রতিক, সঠিক এবং সার্বিক তথ্য পাওয়ার, যাতে অন্তর্ভুক্ত হবে গর্ভনিরোধকতথ্য সম্পর্ক এইচ-আই-ভি এবং এস-টি-আইগুলি, যৌন এবং লিঙ্গ ভিত্তিক অত্যাচার, সম্মতি এবং যৌন-আনন্দ সংক্রান্ত তথ্য।

আমাদের ক্ষমতায়িত করতে হবে যাতে আমরা আরও নতুন এবং নিশ্চয়কর বিবরণ পেতে পারি যা তৈরি হয়েছে তথ্য প্রচার করার জন্য এবং যৌন ও প্রজননগত পরিসেবা পাওয়ার ক্ষেত্রে একটি অন্তর্ভুক্তিমূলক প্রবেশ তৈরি করার জন্য, যাতে বিরোধিতার বিরুদ্ধে সামগ্রিক প্রতিক্রিয়া তৈরি করা যায় এবং আমরা আমাদের দেহের উপর আমাদের নিয়ন্ত্রণ পুনর্প্রতিষ্ঠা করতে পারি।

কেবলমাত্র তখনই আমরা একটি অন্তর্ভুক্তিমূলক এবং নিরাপদ সমাজ গঠন করতে অবদান রাখতে পারব, যখন আমরা আমাদের দেহে কার অধিকার সেই বিষয়টি বুঝতে পারব।

## শিক্ষা

আমরা দাবী করছি সম্পূর্ণ যৌনতা শিক্ষা, যা আমাদের সারা জীবন ধরে প্রদান করা হবে এবং যা আমাদের স্বাস্থ্য, বুদ্ধি ও বিকাশের প্রতিটি পর্যায়কে সহায়তা করবে।

সরকার এবং নীতি নির্ধারকদের অবশ্যই বাধ্যতামূলক যৌনতা শিক্ষাকে, বৈধ করতে হবে এবং অনুদান দিতে হবে যা প্রদান করা হবে স্কুলের ভিতরে ও বাইরে, একজন প্রশিক্ষিত, পক্ষপাতহীন প্রদানকারীদের দ্বারা এবং যেটি জীববিজ্ঞানের প্রথাগত শিক্ষার বাইরেও যাবে ও তাতে অন্তর্ভুক্ত হবে, কিন্তু তাতেই সীমাবদ্ধ থাকবে না - এইচ-আই-ভি এবং এস-টি-আই গুলি, লিঙ্গ পরিচয় এবং যৌন পছন্দ, লিঙ্গ-আধারিত অত্যাচার, সুন্দর সম্পর্ক, সম্মতি এবং যৌন-আনন্দ।

আমরা সারা জীবন ধরে আমাদের যৌন এবং প্রজননগত স্বাস্থ্য ও অধিকার সম্পর্কে তথ্য পেতে ও ভাগ করে নেওয়ার জন্য, বিভিন্ন প্ল্যাটফর্ম এবং, নিরাপদ ও পারস্পরিক আদান-প্রদানমূলক পদ্ধতি ব্যবহার করে একটি খোলামেলা এবং নিরাপদ সংস্কৃতি তৈরি করব,

আমাদের দেহের উপর অধিকার একমাত্র আমাদের কাছেই আছে, এবং সে কারণে, সমস্ত যুবাদের ক্ষমতায়িত করতে হবে যাতে তারা যৌন এবং লিঙ্গ-আধারিত অত্যাচারেরমোকাবিলা করতে পারে এবং সাথে আমরা নিরাপদ স্থান ও দায়বদ্ধতা নিশ্চিত করতে সংহতির ডাক দিই।

তথ্য হল ক্ষমতা এবং যদি ব্যাপক শিক্ষা প্রদান করা হয়, তবে তা আমাদের ক্ষমতায়িত করবে আমাদের স্বাস্থ্য, দেহ এবং জীবন সম্বন্ধে জ্ঞাত পছন্দগুলি বেছে নিতে যা হবে ভীতি প্রদর্শন ব্যতীত।

## নেতৃত্ব

আমরা শুধুমাত্র নীতি ও নেতৃত্ব এর দর্শক হতে চাই না, বরঞ্চ আমরা দাবী করছি যে আমাদের অর্থপূর্ণ ভাবে যুক্ত করা হোক এবং সক্রিয় সিদ্ধান্ত নির্ধারক স্বীকৃতি দেওয়া হোক - আমরা শুধু মাত্র কোটা হয়ে থাকতে চাই না।

যুবা নেতৃত্বকে গুরুত্ব দিতে হবে এবং বিনিয়োগ ও নীতির মাধ্যমে তাদের সমর্থন করতে হবে।প্রশিক্ষণ, নীতি এবং আর্থিক বিনিয়োগ প্রদান করে আমাদের যুবা-বান্ধব পরিবেশ তৈরি করতে হবে যেখানে যুবা মানুষেরা উন্নতিলাভ করতে পারে।

আমরা সমগ্র অংশীদারদের ডাক দিচ্ছি, আমাদের সাথে অর্থপূর্ণ ও শ্রদ্ধাশীলভাবে বিজড়িত হতে, জ্ঞান ও অভিজ্ঞতা বন্টন করতে এবং গঠনমূলক সমালোচনা করতে, সক্রিয় সহযোগী হিসাবে, এটি মেনে নিয়ে যে আমাদের সমানাধিকার ও সমান দায়িত্ব আছে।

পারম্পরিক সহায়তা ও শ্রদ্ধা দ্বারা যাতে বিশ্বব্যাপী যুবাদের মধ্যে জ্ঞান বন্টন বৃদ্ধি পায় এবং সরাসরি তাদের প্রভাবিত করে এমন সমস্যাগুলির ক্ষেত্রে সংহতি থাকে তার জন্য আমাদের আর বেশি সমবেত প্রচেষ্টা করতে হবে

## পদক্ষেপ গ্রহণ করতে আহ্বান

**আমরা ভবিষ্যত, কিন্তু আমরা বর্তমানও।**

**আমরা আমাদের দেহ ও জীবনের একমাত্র স্বত্বাধিকারী।**

**আমরা আমাদের গোষ্ঠীকে তৈরি করি এবং তাকে নির্দিষ্ট আকার প্রদান করে থাকি যাতে সেটি আরও অন্তর্ভুক্তিমূলক ও বৈষম্যহীন হয়।**

**আমরা আমাদের যৌন এবং প্রজননগত স্বাস্থ্য এবং অধিকার দাবী করছি - এই বিষয়ে খোলাখুলি কথা বলে, আমাদের নিজস্ব পরিসর তৈরি করে এবং সকলের সাথে আমাদেরকেও সমানভাবে দেখার মৌলিক অধিকার দাবী করে, এবং এটি আমরা দাবী করতেই থাকব যতক্ষণ না আমাদের দাবীগুলি পূরণ করা হচ্ছে।**

**আমরা নিজেদের জন্য কিছু চাইছি না, আমাদের ছাড়া কিছু চাইছি না।**